

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

NORTH-WEST POWER GENERATION CO. LTD.

ISO 9001: 2015, ISO 14001: 2015 & ISO 45001:2018 Certified

(An Enterprise of Bangladesh Power Development Board)

সূত্র নং- ২৭.২৮.৮৮৭৮.০০২.২৫.০০৫.১৯.১৬৯

প্রশিক্ষণ বিজ্ঞপ্তি

বৈদ্যুতিক কর্মপেশায় দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বিদ্যুৎ বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহ একযোগে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করেছে। তারই ধারাবাহিকতায় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ- এর আওতাধীন সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের তত্ত্বাবধানে আগামী সেপ্টেম্বর, ২০১৯ মাসে “রেগুলার ইলেকট্রিশিয়ান কোর্স” নীর্ব্বিক প্রশিক্ষণ কার্যক্রম চালু হচ্ছে। প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণেচ্ছুক প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	প্রশিক্ষণ শিরোনাম	শিক্ষাগত যোগ্যতা	আসন সংখ্যা	প্রশিক্ষণের মেয়াদ	প্রশিক্ষণের সময়
০১।	রেগুলার ইলেকট্রিশিয়ান কোর্স	এস.এস.সি/সমমান	২৫ (পঁচিশ)	৩৬০ ঘন্টা	বেলা ২:০০ ঘটিকা হতে রাত ০৮:০০ ঘটিকা পর্যন্ত।

প্রশিক্ষণ কোর্সটির বৈশিষ্ট্যঃ

- প্রশিক্ষণ গ্রহণের জন্য প্রশিক্ষণার্থীদের নিকট হতে কোন কোর্স ফি গ্রহণ করা হবে না। বিদ্যুৎ বিভাগের নির্দেশনা অনুযায়ী নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ- এর সিএসআর (কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা) খাত হতে প্রশিক্ষণ কোর্সটির সম্পূর্ণ ব্যয় নির্বাহ করা হবে।
- প্রশিক্ষণার্থীগণকে প্রশিক্ষণের দিন টিফিন ভাতা/টিফিন প্রদান করা হবে।
- প্রশিক্ষণ কোর্স সমাপ্তির পর সন্তোষজনক দক্ষতা প্রদর্শনকারী প্রশিক্ষণার্থীদের পরবর্তীতে 'ইন্ডাস্ট্রিয়াল ইলেকট্রিশিয়ান' কোর্সের জন্য নির্বাচন করা হতে পারে।
- প্রশিক্ষণ কোর্স শেষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক-এর দপ্তর কর্তৃক গৃহীতব্য পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষণার্থীগণকেই কেবলমাত্র সনদপত্র প্রদান করা হবে।
- আসন সংখ্যার চেয়ে যোগ্য আবেদনকারীর সংখ্যা বেশী হলে প্রার্থী বাঁছাই-এর ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

শর্তাবলীঃ

- ০১। ০১/০৯/২০১৯ ইং তারিখে প্রশিক্ষণার্থীর ন্যূনতম বয়স ১৬ বছর হতে হবে।
- ০২। নির্ধারিত প্রশিক্ষণার্থীগণকে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ- এর আওতাধীন সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের তত্ত্বাবধানে মেরিন ইসটিটিউট অব টেকনোলজি, মুলিবাড়ি, সয়দাবাদ, সিরাজগঞ্জের ট্রেনিং ভেন্যুতে নিজ দায়িত্বে নিয়মিত উপস্থিত হয়ে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- ০৩। প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ অনাবাসিক হবে।
- ০৪। এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১৮ আগস্ট, ২০১৯ খ্রিঃ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রধান প্রকৌশলী, সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র, নওপাজেকো, সয়দাবাদ, সিরাজগঞ্জ-এর কার্যালয়ে বিনা মূল্যে প্রশিক্ষণের আবেদন ফরম পাওয়া যাবে।
- ০৫। যথাযথভাবে পূরণকৃত আবেদন ফরম-এর সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ/নাগরিক সনদ ও শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রের ছায়াছবি সংযুক্তপূর্বক আবেদনপত্র আগামী ১৮ আগস্ট, ২০১৯ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ে প্রধান প্রকৌশলী, সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র, নওপাজেকো, সয়দাবাদ, সিরাজগঞ্জ-এর কার্যালয়ে অবশ্যই দাখিল করতে হবে।
- ০৬। প্রশিক্ষণ কোর্স সংক্রান্ত বিস্তারিত জানার জন্য কেবলমাত্র অফিস চলাকালীন সময়ের মধ্যে ০১৭৩০-০৬৬৯৬৭ (ব্যবস্থাপক, প্রশাসন) নম্বরে যোগাযোগ করা যাবে।
- ০৭। এ প্রশিক্ষণ নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ-এ বা বিদ্যুৎ বিভাগের আওতাধীন অন্য কোন প্রতিষ্ঠান বা সংস্থায় চাকরীর নিশ্চয়তা প্রদান করবে না।

(Signature)

ব্যবস্থাপক (প্রশাসন)

সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র,

নওপাজেকো সয়দাবাদ সিরাজগঞ্জ।

প্রধান প্রকৌশলী/সিনিয়র জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)	
প্রোগ্রামার/শিক্ষক (ডিসি)	ডেপুটি প্রোগ্রামার
শিক্ষক	শিক্ষক
আইসিটি শিক	আইসিটি শিক
টেকনিক্যাল শিক	দূত কথা/বিশ্বাস
ফরম, টেশনারী ও লাইব্রেরী	শিক, ১৪২৬
তথ্য ও অভিযোগ শিক	০৩ আ
নেজারত শিক	২৬ জুলাই
তারিখ: ০৬/৮/১৯	স্বাক্ষর
	০৬/৮/১৯